



তারিখ : ১৭ এপ্রিল, ২০২৫

স্মারক নং: রিহ্যাব / অপা:ডি ০০৭/পরি:বন: জল:-১/২০২৫/২৪০২৪

বরাবর

সম্মানিত সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)

বিষয়: ঢাকা শহরের বায়ুদূষণ নিয়ন্ত্রণে করণীয় ও দিকনির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্য,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)- এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

ঢাকা শহরে বায়ুদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে গত ১৬ এপ্রিল, ২০২৫ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর আয়োজনে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আবাসন সেক্টরের জন্য কতিপয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

বায়ু দূষণ সমস্যা মোকাবিলায় নিম্নে করণীয় বিষয়ে নির্দেশনা উপস্থাপন করা হলো-

১. সীমানার মধ্যে নির্মাণ সামগ্রী সংরক্ষণ- সব ধরনের নির্মাণ সামগ্রী (সিমেন্ট, বালু, ইট, সুরকি ইত্যাদি) প্রকল্পের নির্ধারিত সীমানার ভিতরে ঢেকে রাখতে হবে যাতে ধুলো উড়ে গিয়ে পরিবেশ দূষণ না করে।
২. নির্মাণ সামগ্রীর আবর্জনা না পোড়ানো- বায়ুদূষণের অন্যতম কারণ কার্বন নিঃসরণ। নির্মাণ সামগ্রীর আবর্জনা আঙুনে পোড়ালে ব্যাপক কালো ধোঁয়া উৎপন্ন হয়। কালো ধোঁয়ার কার্বন থেকে বায়ুদূষণ হয়। তাই নির্মাণ সামগ্রীর আবর্জনা পোড়ানো থেকে বিরত থাকতে হবে।
৩. নিয়মিত পানি ছিটানো- পরিবেশ যেন ধুলোবালি মুক্ত থাকে সেজন্য নির্মাণাধীন প্রকল্পের সীমানায় নিয়মিত পানি ছিটানোর ব্যবস্থা রাখতে হবে।

এমতাবস্থায়, বায়ুদূষণ রোধে উল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে-

মোঃ ওয়াহিদুজ্জামান

প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, Tel : 02334451441, 02334453884, 02334453885